



ঢাকা উত্তর সিটি কর্পোরেশন  
প্লট # ২৩-২৬, রোড # ৪৬, গুলশান-২, ঢাকা-১২১২

উন্নয়নের গণতন্ত্র শেখ হাসিনার মূলমন্ত্র
আপনার পরিবেশ পরিচ্ছন্ন ও সুন্দর রাখুন আপনার শিশুকে টিকা দিন

স্মারক নং-৪৬.১০.০০০০.০০৪.১১.০৪৭.১৮.১৫১

তারিখ-২০/০৫/২০১৮খ্রিঃ

### নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের ২২ এপ্রিল, ২০১৮ খ্রিঃ তারিখের ৪৬.০০.০০০০.০৭০.৩৩৫.২০১৪-৫৪৫ নং স্মারকে অনুমোদনের পরিপ্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনে সম্পূর্ণ অস্থায়ীভাবে দৈনিক মজুরী ভিত্তিক কাজ করলে মজুরী না করলে নেই শর্তে মোট ৯০ (নব্বই) জন শ্রমিক নিয়োগ করা হবে। “কাজ করলে মজুরী না করলে নেই” ভিত্তিতে কাজ করতে আগ্রহী বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বয়স
০১	অদক্ষ শ্রমিক (মশক কর্মী)	৫৪ জন	অষ্টম শ্রেণী পাশ, সুঠাম দেহের অধিকারী (পুরুষ নাগরিক)।	বয়স ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।
০২	অদক্ষ শ্রমিক	৩৬ জন	অষ্টম শ্রেণী পাশ	

### শর্তাবলীঃ

- ০১। নির্ধারিত আবেদন ফরমে আবেদন করতে হবে। ডিএনসিসির ওয়েব-সাইট ([www.dncc.gov.bd](http://www.dncc.gov.bd)) এ আবেদন ফরম পাওয়া যাবে।
- ০২। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০৩। আবেদনপত্রের প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স, নিজ জেলার নাম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।
- ০৪। আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:  
(ক) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা বা সিটি কর্পোরেশনের কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্র (ভোটার আইডি কার্ড)/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।  
(খ) শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার (যদি থাকে) সত্যায়িত ফটোকপি।  
(গ) সদ্য তেলা ০৩ (তিন) কপি পাসপোর্ট আকারের ছবি প্রথম শ্রেণী গেজেটেড কর্মকর্তা কর্তৃক অবশ্যই সত্যায়িত হতে হবে। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম, পদবী ও সিল অবশ্যই থাকতে হবে।
- ০৫। আবেদনের সাথে প্রদত্ত কাগজপত্র অসত্য প্রমাণিত হলে নিয়োগপত্র বাতিল করা হবে।
- ০৬। আবেদনপত্র, সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, প্লট # ২৩-২৬, রোড # ৪৬, গুলশান-২, ঢাকা-১২১২ বরাবর আগামী ১০/০৬/২০১৮খ্রিঃ তারিখের মধ্যে মুখবন্দ খামে প্রেরণ করতে হবে এবং আবেদনপত্রের খামের উপর অবশ্যই “অদক্ষ শ্রমিক (মশক কর্মী)”/ “অদক্ষ শ্রমিক ” উল্লেখ করতে হবে।
- ০৭। প্রার্থীর বয়স ১০/০৬/২০১৮খ্রিঃ তারিখে অনূর্ধ্ব ৩২ (ত্রিশ) বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- ০৮। অদক্ষ শ্রমিক (মশক কর্মী)/অদক্ষ শ্রমিক এর ক্ষেত্রে সর্বসাকুল্যে দৈনিক মজুরী ৪৭৫/- (চারশত পঁচাত্তর) টাকা হারে পারিশ্রমিক প্রদান করা হবে।
- ০৯। এ নিয়োগ সম্পূর্ণরূপে অস্থায়ী, দৈনিক মজুরী ভিত্তিক এবং ভবিষ্যতে কোনক্রমে রাজস্ব খাতে নিয়মিত করণের বা স্থায়ী করণের কোন সুযোগ থাকবে না।
- ১০। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্তসমূহ বাতিল বলে গণ্য হবে।
- ১১। যে কোন পর্যায়ে নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/প্রত্যাহারের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/-

২০/০৫/২০১৮খ্রিঃ

সচিব

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন

তারিখ-২০/০৫/২০১৮খ্রিঃ

স্মারক নং-৪৬.১০.০০০০.০০৪.১১.০৪৭.১৮.১৫১

### অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ০১। বিভাগীয় প্রধান (সকল) .....
- ০২। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল.....
- ০৩। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল (ডিএনসিসির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৪। মেয়র মহোদয়ের একান্ত সচিব (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৫। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৬। জনসংযোগ কর্মকর্তা (১টি ইংরেজি ও ১টি বাংলা জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২ ও সাধারণ প্রশাসন শাখা।
- ০৮। সচিবের ব্যক্তিগত সহকারী।
- ০৯। নোটিশ বোর্ড
- ১০। অফিস কপি।

২০/০৫/১৮  
সহকারী সচিব

সংস্থাপন শাখা-১

ঢাকা উত্তর সিটি কর্পোরেশন।